# ALL INDIA RADIO, SILCHAR

*************

## MORNING NEWS BULLETIN

## BENGALI/ বাংলা

## DATE

## 7:35-7:40 AM IST

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের জন্য আজ বিজ্ঞপ্তি জারী করা হবে । দ্বিতীয় পর্যায়ে আগামী ২৬ শে এপ্রিল দেশের ১২ টি রাজ্য ও একটি কেন্দ্র শাসিত অঞ্চলের মোট ৮৯ টি লোকসভা আসনের জন্য ভোট গ্রহণ করা হবে । দ্বিতীয় পর্যায়ে শিলচর , করিমগঞ্জ সহ আসামের ৫টি লোকসভা আসন রয়েছে । এছাড়া উত্তর-পূর্বাঞ্চলের মণিপুর ও ত্রিপুরার একটি করে আসন রয়েছে । আগামী ২৬ শে এপ্রিল অনুষ্ঠেয় এই আসনগুলির জন্য মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আগামী চৌঠা এপ্রিল ।

---

প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের গতকাল শেষ দিনে ২৬ জন প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এরমধ্যে কাজিরাঙ্গা লোকসভা আসনের জন্য ন'জন, শোণিতপুর আসনের জন্য সাতজন, লক্ষিমপুর আসনের পাঁচজন, ডিব্রুগড় আসনের জন্য একজন এবং যোরহাট আসনের জন্য চারজন প্রার্থী মনোনয়ন পত্র জমা দেন । বিজেপি দলের প্রবীন নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, স্বাস্থ্যমন্ত্রী কেশব মহন্তের উপস্তিতিতে যোরহাট লোকসভা আসনের বিজেপি মিত্রজোটের প্রার্থী তপন কুমার গগৈ গতকাল তার মনোনয়ন পত্র জমা করেছেন ।

এদিকে কাজিরাঙ্গা লোকসভা আসনের জন্য বিজেপি মিত্র জোটের প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসা , অসম জনমোর্চার সেলিম আহমেদ, নির্দল প্রার্থী দিলওয়ারা বেগম চৌধুরী, আব্দুল হক, ত্রিদীপজ্যোতি ভূইঞা, জ্যোতিষ্ক রঞ্জন গোস্বামী সহ ভোটার্স পার্টি ইন্টারন্যাশনেলের প্রার্থী অনিমা ডেকা গুপ্তা এবং রিপাব্লিকান পার্টি অব ইন্ডিয়ার সালেহ্ আহমেদ মজুমদার মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

এদিকে শোণিতপুর লোকসভা আসনের জন্য বিজেপি সমর্থিত মিত্রজোটের প্রার্থী রঞ্জিত দত্ত মনোনয়ন পত্র জমা দিয়েছেন । অনুরূপভাবে আম আদমি পার্টির ঋষিরাজ কৌড়িন্য, বিপিএফ প্রার্থী রাজু দেউরী, জিপিএস প্রার্থী রিংকু রায় তাদের মনোয়ন পত্র জমা দিয়েছেন । বি এম পি প্রার্থী মহম্মদ আলম আলী এবং ভোটার্স পার্টি ইন্টারন্যাশনেলের কামেশ্বর স্বর্গীয়ারী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

কংগ্রেস তথা বিরোধী ঐক্যমঞ্চের লক্ষিমপুর আসনের কংগ্রেস প্রার্থী উদয় শংকর হাজারিকাও রয়েছেন । এই আসনের নির্বাচনী রিটার্নিং আধিকারিক এক বিজ্ঞপ্তি যোগে আসন্ন লোকসভা নির্বাচনে প্রতিদ্বন্দিতা করতে চাওয়া প্রার্থীদের ব্যয়পঞ্জী নিরীক্ষণের দিন ঘোষণা করেছেন । সেই অনুসারে আগামী ৫ এবং ১৭ই এপ্রিল লক্ষিমপুর জেলা আয়ুক্তের কার্যালয়ে এবং ১১ এপ্রিল ধেমাজি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে সকাল দশটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত ব্যয়পঞ্জী নিরীক্ষণ করা হবে ।

এছাড়া ডিব্রুগড় আসনের ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশন ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারিক জয়প্রকাশ শিবহারে'কে সাধারণ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে। তিনি কোনো ধরণের প্রলোভনের শিকার না হয়ে নিজ নিজ বিবেচনায় ভোটদান করতে সকলের প্রতি আহ্বান জানিয়েছেন ।

উল্লেখ্য- প্রথম পর্যায়ে নির্বাচনে বিজেপির হয়ে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল, সাংসদ প্রদান বড়ুয়া, কংগ্রেসের সাংসদ গৌরব গগৈ এবং অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

দেশে সাতটি পর্যায়ে অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ে আগামী ১৯শে এপ্রিলের ভোটগ্রহণের জন্য গতকাল ছিল মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিন । আজ মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে । মনোনয়ন পত্র প্রত্যাহারের অন্তিম দিন হচ্ছে আগামী ৩০শে মার্চ । ভোটগণনা আগামী চৌঠা জুন অনুষ্ঠিত হবে ।

---

আসন্ন লোকসভা নির্বাচনের কাজে নিযুক্ত সব ভোটকর্মী যাতে সুষ্ঠুভাবে ভোটদান করতে পারেন তার জন্য করিমগঞ্জের জেলা আয়ুক্ত তথা রিটার্নিং অফিসারের কার্যালয়ের দ্বিতলে অবস্থিত রাজস্ব শাখায় একটি পোস্টাল ব্যালট পেপার সেল এবং ফেসিলিটেশন সেন্টার খোলা হয়েছে । এতে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানে ইচ্ছুক ভোটকর্মীরা পোস্টাল ব্যালট ফেসিলিটেশন সেন্টারের সেবা গ্রহণ করতে পারবেন । এছাড়া ভোটকর্মী প্রশিক্ষণ কেন্দ্রে যারা প্রশিক্ষণ কার্যে নিযুক্ত রয়েছেন তাদের জন্যও ওই প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে পোস্টাল ব্যালট ফেসিলিটেশন সেন্টার খোলা থাকবে । পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে সব ভোটকর্মীদের ১২ নম্বর ফর্ম পূরণ করতে হবে । পূরণ করা ফর্মের নীচে স্বাক্ষর করে নির্বাচনের নির্দিষ্ট তারিখের ৭ দিন আগে পোস্টাল ব্যালট পেপার সেলে জমা দিতে হবে । আবেদনপত্র জমা দেবার সময় নির্বাচন কাজের নিযুক্তিপত্র ও ভোটার পরিচয় পত্রের জেরক্স কপি সঙ্গে জমা দিতে হবে ।

---

কাছাড় জেলা প্রশাসনের প্রচার বিভাগের উদ্যোগে আজ আসাম বিশ্ববিদ্যালয়ে ভোটার সচেতনতা সভার আয়োজন করা হয়েছে ।

এদিকে গতকাল বড়খলা সরকারী মডেল কলেজে অনুরূপ একটি ভোটার সচেতনতা সভার আয়োজন করা হয় । কলেজের অধ্যক্ষ সাহাব উদ্দন আহমেদের পৌরহিত্যে আয়োজিত সভায় মাস্টার ট্রেনার ড:জয়দীপ গোস্বামী নতুন ভোটারদের ভোটদান প্রক্রিয়া সম্পর্কে বিশদে আলোচনা করেন । উল্লেখ্য লোকসভা নির্বাচনে যুব ভোটারদের ভোটদানে আগ্রহী করে তুলতে জেলা প্রশাসন থেকে বিভিন্ন কার্য্যসূচী গ্রহন করা হচ্ছে ।

---

হাইলাকান্দি জেলায় বিভিন্ন সরকারী বিভাগের নিযুক্তিপ্রাপ্ত প্রিসাইডিং অফিসার ও পোলিং অফিসারদের অবিলম্বে জেলা আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গণে থাকা পোস্টাল ব্যালট পেপার সেল থেকে ১২ নম্বর ফর্ম সংগ্রহ করে তা পূরণ করে জমা দিতে বলা হয়েছে । লোকসভা নির্বাচনের পার্সোনাল সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ত্রিদিব রায় এক বিজ্ঞপ্তীতে জেলার সব বিভাগের আধিকারিকদের নিজ কার্যালয়ের কর্মচারী যারা পোস্টাল ব্যালট পেপারের মাধ্যমে ভোটদান করতে ইচ্ছুক তাদের ১২ নম্বর ফর্ম পূরণ নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছেন । এছাড়া লোকসভা নির্বাচনে নিযুক্তিপ্রাপ্ত মাস্টার ট্রেনারদেরকেও পোস্টাল ব্যালট পেপার সেল থেকে ১২ নম্বর ফর্ম সংগ্রহ করে তা পূরণ করে জমা দিতে বলা হয়েছে ।

---

করিমগঞ্জ জেলায় আসন্ন লোকসভা নির্বাচনে ভোট গ্রহণনের কাজে নিয়োজিত ভোট কর্মীদের প্রশিক্ষন আজ ও ৩০ শে মার্চ জেলার ১০ টি স্থানে অনুষ্ঠিত হবে। জেলার পোস্টাল ব্যালট পেপার সেলের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আধিকারিক জানিয়েছেন যে ১০ টি প্রশিক্ষন কেন্দ্রে পোষ্টাল ব্যলট ফেসিলিটেশন কেন্দ্র কার্যকর থাকবে। পোষ্টাল ব্যলট ফেসিলিটেশন কেন্দ্রগুলিতে পোষ্টাল ব্যলট পেপারের জন্য ফর্ম ১২ ডী বিতরন ও সংগ্রহ করা হবে বলে জানানো হয়েছে।

---